**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ভালো কাজের নিরিখে, প্রধানমন্ত্রী গ্রামীন আবাস যোজনায় ত্রিপুরা সারা দেশে প্রথম স্থানে রয়েছে ।**

**(২) বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ বলেছেন, স্মার্ট মিটারে সবচেয়ে বেশি লাভবান হবেন বৈধ বিদ্যুৎ গ্রাহকরা ।**

**(৩) মৎস্যমন্ত্রী সুধাংশু দাস বলেছেন, মৎস্য উৎপাদনে স্ব-নির্ভর হওয়ার জন্য রাজ্য সরকার বহুমুখী উদ্যোগ নিয়েছে।**

**(৪) যুব বিষয়ক মন্ত্রক বারাণসীতে আগামী ১৮শে জুলাই থেকে "বিকশিত ভারতের জন্য নেশা মুক্ত যুবা" শীর্ষক ৩ দিনের যুব আধ্যাত্মিক শীর্ষ সম্মেলনের আয়োজন করবে ।**

********************************************

**CM– DAJBA :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ভালো কাজের নিরিখে, প্রধানমন্ত্রী গ্রামীন আবাস যোজনায় ত্রিপুরা সারা দেশে প্রথম স্থানে রয়েছে। আজ জিরানীয়ার বেলবাড়িতে ধরতি আবা জনভাগিদারী অভিযান কর্মসূচিতে তিনি একথা বলেন। তিনি বলেন, ত্রিপুরায় প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনাতেও ভালো কাজ হচ্ছে। ধরতি আবা গ্রাম উৎকর্ষ অভিযানের লক্ষ্য গ্রামীন ও জনজাতি অধ্যুষিত এলাকার নাগরিকদের কাছে সরকারী সমস্ত সুযোগ সুবিধা পৌঁছে দেওয়া। এই যোজনা দেশের ৫৪৯টি জেলার ৬৩ হাজারেরও বেশি গ্রামে কার্যকর হচ্ছে। প্রধানমন্ত্রী নিজে এসব কর্মসূচীর তদারকি করছেন।

#######Byte-CM#######

অনুষ্ঠানে বক্তব্য রাখেন জনজাতি কল্যান মন্ত্রী বিকাশ দেববর্মা, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষামন্ত্রী টিংকু রায়, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল প্রমুখ।

****************************

**Ratan Lal Nath-Press Meet :**

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ আজ আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে বলেন, স্মার্ট মিটারে সবচেয়ে বেশি লাভবান হবেন বৈধ বিদ্যুৎ গ্রাহকরা। তিনি বলেন, স্মার্ট মিটার অত্যাধুনিক প্রযুক্তি নির্ভর গ্রাহক বান্ধব। স্মার্ট মিটার বসানো হলে বাড়ি বাড়ি অনুমান নির্ভর বিদ্যুৎ বিল দেওয়া বন্ধ হবে। কোন গ্রাহক কতটুকু বিদ্যুৎ ব্যবহার করছেন তা মোবাইলের মাধ্যমে জানা যাবে। তাছাড়া স্মার্ট মিটারে কোন ধরনের গোলযোগ দেখা দিলে তা সঙ্গে সঙ্গেই নিগমের কর্মীরা মিটার সারাই করে দেবেন। তিনি বলেন, স্মার্ট মিটার ব্যবহার করলে বিদ্যুৎ অপচয় বন্দ্ধ করা সম্ভব হবে। তিনি বলেন, স্মার্ট মিটারে যদি সুবিধা না পাওয়া যায় তাহলে গ্রাহকরা তাদের পছন্দ অনুযায়ী ইলেকট্রনিক মিটারই ব্যবহার করতে পারবেন।

বিদ্যুৎ মন্ত্রী আরো বলেন, বিদ্যুৎ উৎপাদনের জন্য গ্যাসের দাম বাড়লে বিদ্যুতের ইউনিটের দাম সামঞ্জস্য রেখেই বাড়বে। বিদ্যুৎ উৎপাদনের জন্য গ্যাস কিনতে হয় ডলারে। টাকার তুলনায় ডলারের দাম উঠা নামা করার কারণে আন্তর্জাতিক বাজারে গ্যাসের দাম উঠা নামা করে। বর্তমানে বিদ্যুতের বিলে এরিয়ার যে ১১ শতাংশ বেড়েছে সেটা প্রাকৃতিক গ্যাসের দাম বৃদ্ধি করার কারণেই বেড়েছে। এরিয়ারের যে বিল বকেয়া রয়েছে সেটা গ্রাহকদের কাছ থেকে একসঙ্গে কেটে না নিয়ে ছয় মাসে কেটে নেওয়ার জন্য বিদ্যুৎ নিগমকে পরামর্শ দেওয়া হয়েছে।

***************************

**Review Meeting :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস আজ সিপাহীজলা জেলাশাসক অফিসে এক পর্যালোচনা বৈঠকে বলেন, মৎস্য উৎপাদনে স্ব-নির্ভর হওয়ার জন্য রাজ্য সরকার বহুমুখী উদ্যোগ নিয়েছে। এই উদ্যোগগুলি সফলভাবে বাস্তবায়নের জন্য মৎস্য দপ্তর আন্তরিকভাবে কাজ করছে।

#####Byte- Sudhangshu Das#####

এই বৈঠকে সিপাহজলা জেলায় মৎস্য দপ্তরের পাশাপশি তপশিলি জাতি কল্যাণ দপ্তর ও প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের কাজকর্মের অগ্রগতি পর্যালোচনা করা হয়। বৈঠকে উপস্থিত ছিলেন বিধায়ক তফাজ্জল হোসেন, বিন্দু দেবনাথ, অন্তরা সরকার দেব সহ জিলা পরিষদ, পঞ্চায়েত সমিতির জনপ্রতিনিধিগণ।

*************************

**Packege Story-PM Mudra Yojna :**

প্রধানমন্ত্রী মুদ্রা যোজনা ও ব্যাংকের সহযোগিতায় অনেক সাধারণ মানুষ আজ নিজের পায়ে স্বাবলম্বী হয়ে দাঁড়াতে পারছেন, বহু মানুষের স্বপ্নকে আজ বাস্তবে রূপ দিচ্ছে প্রধানমন্ত্রী মুদ্রা যোজনা। একটি প্রতিবেদন।

########VC#########

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

************************

**Nasha Mukt Yuba :**

যুব বিষয়ক মন্ত্রক বারাণসীতে আগামী ১৮শে জুলাই থেকে "বিকশিত ভারতের জন্য নেশা মুক্ত যুবা" শীর্ষক ৩ দিনের যুব আধ্যাত্মিক শীর্ষ সম্মেলনের আয়োজন করবে। এই শীর্ষ সম্মেলনের প্রাথমিক লক্ষ্য হল যুব-নেতৃত্বাধীন মাদকমুক্ত উদ্যোগের জন্য একটি ব্যাপক জাতীয় কৌশল তৈরি করা। আজ নতুনদিল্লিতে সংবাদমাধ্যমকে কেন্দ্রীয় যুব বিষয়ক মন্ত্রী ডঃ মনসুখ মান্ডভিয়া বলেন যে, সারা দেশের ১০০টি আধ্যাত্মিক সংগঠনের প্রায় পাঁচশো যুব প্রতিনিধি এই আধ্যাত্মিক শীর্ষ সম্মেলনে যোগ দেবেন।

******************************

**Chandrayaan 3 :**

ভারতের বিজ্ঞান ও দৃঢ়তার এক ঐতিহাসিক অর্জন, চন্দ্রযান-৩, আজ দুই বছর পূর্ণ করেছে। এই অভিযানের প্রাথমিক লক্ষ্য ছিল চাঁদের দক্ষিণ মেরুর কাছে উচ্চভূমিতে একটি ল্যান্ডার এবং রোভার স্থাপন করা এবং এন্ড-টু-এন্ড অবতরণ এবং ঘূর্ণায়মান ক্ষমতা প্রদর্শন করা। ২০২৩ সালের আজকের দিনে, ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা দ্বারা তৈরি LVM3 M4 রকেট সফলভাবে চন্দ্রযান-৩ কে কক্ষপথে উৎক্ষেপণ করে।

২০২৩ সালের ২৩শে আগস্ট চন্দ্রযান-৩ চাঁদের দক্ষিণ মেরুতে সফলভাবে মসৃণ-অবতরণ করে। এই অবতরণের মাধ্যমে, ভারত চাঁদে সফলভাবে অবতরণকারী চতুর্থ দেশ এবং চাঁদের দক্ষিণ মেরুতে মসৃণভাবে অবতরণকারী প্রথম দেশ হয়ে ওঠে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিক্রম ল্যান্ডার এবং প্রজ্ঞান রোভার চন্দ্রপৃষ্ঠে অবতরণকারী স্থানটির নামকরণ করেছেন শিবশক্তি।

****************************

**New Governor :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ হরিয়ানা ও গোয়ায় নতুন রাজ্যপাল এবং লাদাখে নতুন লেফটেন্যান্ট গভর্নর নিয়োগ করেছেন। প্রাক্তন অসামরিক বিমান পরিবহন মন্ত্রী পুষ্পপতি অশোক গজপতি রাজুকে গোয়ার রাজ্যপাল হিসেবে নিয়োগ করা হয়েছে এবং অধ্যাপক অসীম কুমার ঘোষকে হরিয়ানার রাজ্যপাল হিসেবে নিয়োগ করা হয়েছে।

লাদাখের লেফটেন্যান্ট গভর্নর হিসেবে কবিন্দর গুপ্তাকে নিযুক্ত করা হয়েছে। রাষ্ট্রপতি লাদাখের লেফটেন্যান্ট গভর্নর, অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার ডঃ বিডি মিশ্রের পদত্যাগপত্রও গ্রহণ করেছেন।

******************************

**Subhanshu Sukla :**

ভারতীয় নভোচারী গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লা এবং অ্যাক্সিওম-4 মিশনের আরও তিনজন ক্রু সদস্যের প্রত্যাবর্তন যাত্রা আজ থেকে শুরু হয়েছে। কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং জানিয়েছেন, আগামীকাল বিকেল ৩টার দিকে ক্রুরা পৃথিবীতে ফিরে আসবে। আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন যে অবতরণের পর, গ্রুপ ক্যাপ্টেন শুক্লা, অন্যান্য ক্রু সদস্যদের সঙ্গে পৃথিবীর মাধ্যাকর্ষণ শক্তির সাথে খাপ খাইয়ে নেওয়ার জন্য ফ্লাইট সার্জনদের তত্বাবধানে ৭ দিন রাখা হবে। উল্লেখ্য, গ্রুপ ক্যাপ্টেন শুক্লা আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে ১৪ দিনের মিশনে রয়েছেন। তিনি আন্তর্জাতিক মহাকাশ স্টেশন পরিদর্শনকারী প্রথম ভারতীয় এবং ১৯৮৪ সালে মহাকাশে যাওয়া উইং কমান্ডার রাকেশ শর্মার পরে দ্বিতীয় ভারতীয় নভোচারী। ক্যাপ্টেন শুক্লাকে বহনকারী অ্যাক্সিওম-4 মিশন গত ২৬ জুন আইএসএসের উদ্দেশ্যে যাত্রা করে।

**************************

**CM-Thalassemia Awareness :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা থ্যালাসেমিয়া রোগ নিয়ন্ত্রণে জনসচেতনতার উপর গুরুত্ব আরোপ করেছেন। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রোটারি ক্লাব অফ আগরতলা আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, বর্তমান সময়ে উন্নত বৈজ্ঞানিক পদ্ধতির মাধ্যমে থ্যালাসেমিয়া রোগের চিকিৎসা সম্ভব।

######Byte-CM######

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরো বলেন, রাজ্য সরকার স্বাস্থ্য পরিষেবাকে আরো উন্নতর করে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ। উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিকর্তা ডা: তপন মজুমদার, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধ দপ্তরের অধিকর্তা ডা: অঞ্জন দাস, জাতীয় স্বাস্থ্য মিশনের সদস্য সচিব ডা: নুপুর দেব্বর্মা প্রমুখ।

***************************

**TIDC :**

ত্রিপুরার শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান নবাদল বনিক আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে জানান, ২০২৪-২৫ অর্থবছরে নিগমের মুনাফা হয়েছে ৯ কোটি ৮৭ লক্ষ টাকা। এর আগে ২০২৩-২৪ অর্থবছরে নিগমের মুনাফা অর্জন হয়েছিল ৭ কোটি ৩৩ লক্ষ টাকা। তিনি বলেন গত পাঁচ বছরে রাজ্যের বিভিন্ন শিল্প নগরীতে ১৪৮ জন শিল্পদ্যোগীকে শিল্প কারখানা স্থাপনের জন্য জমি দেওয়া হয়েছে। শান্তিরবাজারে গড়ে ওঠা ১২৭ একর রাবার পার্ক ছাড়াও খোয়াইয়ে ২০০ একর রাবার পার্ক গড়ার উদ্যোগ নেয়া হয়েছে। রাবার শিল্পের বিকাশে রাজ্য সরকারের পাশাপাশি নিগমের বিভিন্ন উদ্যোগে কথাও তুলে ধরেন তিনি। টি আই ডি সি কে স্পেশাল আরবান প্ল্যানিং ডেভেলপমেন্ট অথরিটি হিসাবে রাজ্য সরকার ঘোষণা করেছে বলে শ্রী বনিক সাংবাদিক সম্মেলনে জানান।

****************************

**Weather :**

নিম্নচাপের প্রভাবে আগামী ২৪ ঘন্টায় পশ্চিম, সিপাহীজলা, গোমতি, দক্ষিণ, ধলাই ও খোয়াই জেলাতে ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস। আজ বিকেল সাড়ে ৫টা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৫ মিলিমিটার।

****************************